

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd




নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০১.২০-৪২

তারিখ ০৭ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
২৩ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন ক্যাটাগরির জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি (১ দিনের জন্য) আপনার পত্রিকায় স্বল্প পরিসরে জরুরি ভিত্তিতে আগামী ০৮-০১-২০২১ খ্রিঃ তারিখ শুক্রবার প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তঃ বর্ণনামতে,


০৭/০১/২০২১
(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯।
- ২। বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Star, কারওয়ান বাজার, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা (দৃ.আ: জনাব আল রাজ্জাকুজ্জামান, ডি.জি.এম) [তাকে আগামী ১০-০১-২০২১ খ্রি. তারিখ হতে অনলাইনে আবেদনপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক-৪৫,০০.০০০০.১৪০.১১.০০১.২০-১৭৭২

তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ
১২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
১	অডিটর টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	অনূর্ধ্ব ৩০ বছর	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যন্বিত দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী বা সমমানের সিজিপিএ; (খ) কোনো প্রার্থী শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ (Grade Point Average) বা সিজিপিএ (Cumulative Grade Point Average), যে ক্ষেত্রে যথা প্রয়োজ্য থাকলে ডিনি যোগ্য বিবেচিত হবেন না; এবং (ঙ) কম্পিউটার পরিচালনা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত।	মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, জয়পুরহাট, গাইবান্ধা, পঞ্চগড়, ঝিনাইদহ, মাগুরা, ভোলা, পটুয়াখালী জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
২	হিসাব রক্ষক টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২)	অনূর্ধ্ব ৩০ বছর	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী; (খ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালানায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৩	কম্পিউটার অপারেটর টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	অনূর্ধ্ব ৩০ বছর	০৮	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে।	
৪	সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	অনূর্ধ্ব ৩০ বছর	০৩	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সীটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৫	সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	অনূর্ধ্ব ৩০ বছর	০১	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সীটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি হবে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	

(Signature)

৬	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩০ বছর	০৩	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ; (গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৭	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩০ বছর	০৩	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ; (গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (আর্থিক ব্যবস্থাপনা অডিট ইউনিট কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০ অনুযায়ী)	
৮	ক্যাশিয়ার টঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	অনূর্ধ্ব ৩০ বছর	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; (খ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৯	ক্যাশ সরকার টঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩০ বছর	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
১০	অফিস সহায়ক টঃ ৮২০০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩০ বছর	১৬	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, শেরপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
১১	অফিস সহায়ক টঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩০ বছর	০৫	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (আর্থিক ব্যবস্থাপনা অডিট ইউনিট কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০ অনুযায়ী)	তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

আবেদন করার নিয়মাবলী:

২। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ২৫-০৩-২০২০ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

(স্বাক্ষর)

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য;

ঘ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে:

১. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
২. প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সম্মানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/গৌরমেষর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।
৩. এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও আনসার ও গ্রাম প্রতিরক্ষার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://hsd.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটেও (www.hsd.gov.bd) পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- (i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ জানুয়ারি, ২০২১ তারিখ সকাল ১০.০০ টা;
- (ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ জানুয়ারি, ২০২১ তারিখ বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে তার রশ্মিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরে সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিয়োক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে ১-৯ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১০-১১ ক্রমিকের জন্য অর্থাৎ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/- (ছ'পার) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য “Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।”

প্রথম SMS: HSD<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: HSD ABCDEF


Reply: Applicant's name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXXXX. To pay fee Type HSD<space> Yes<Space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: HSD<space> YES< space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।


Example: HSD YES xxxxxxxxxxxx

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for HSD XXXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://hsd.teletalk.com.bd> অথবা স্বাস্থ্য সেবা বিভাগের Website: www.hsd.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।



- ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ডেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রজিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।
- জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিয়মিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
- (i) User ID জানা থাকলে HSD<space>Help<space>User ID & Send to 16222.
Example: HSD HELP USER ABCDEF
- (ii) PIN Number জানা থাকলে HSD<space>Help<space>PIN No & Send to 16222.
Example: HSD HELP PIN 12345678
- ঝ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে ০১৫৩৫৭৮৬৫১৫ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
- গ। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ঘ। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ৩-৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;
- ঙ। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারন দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;
- চ। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ./ডি.এ. প্রদান করা হবে না;
- ছ। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

